

রাজশাহী কলেজে বঙ্গবন্ধুর বৃহত্তম প্রতিকৃতির উন্মোচন

নিজস্ব প্রতিবেদক রাজশাহী

১৮ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৮ সেপ্টেম্বর ২০১৯ ০০:৩৪



রাজশাহী কলেজে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আবক্ষ প্রতিকৃতির উন্মোচন করা হয়েছে। গতকাল বেলা ১১টায় প্রধান অতিথি হিসেবে এই প্রতিকৃতি উন্মোচন করেন রাজশাহী সিটি করপোরেশনের মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন।

এখন পর্যন্ত এটিই দেশের বৃহত্তম বঙ্গবন্ধুর প্রতিকৃতি বলে দাবি করেছেন রাজশাহী কলেজ কর্তৃপক্ষ। রাজশাহী কলেজ ক্যাম্পাসে নির্মিত ২৫ ফুট দীর্ঘ ও ২২ ফুট প্রস্থ এই প্রতিকৃতি নির্মাণে ব্যয় হয়েছে ১০ লাখ ২০ হাজার টাকা।

উন্মোচনের পর বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন মেয়রসহ অতিথিবৃন্দ। এর পর কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সহসভাপতি ডা. আনিকা ফারিহা জামান অর্গার নেতৃত্বে ছাত্রলীগের নেতাকর্মীরা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। রাজশাহী কলেজ অধ্যক্ষ অধ্যাপক মহা. হবিবুর রহমানের সভাপতিত্বে এ সময় আরও উপস্থিত ছিলেন রাসিকের প্যানেল মেয়র-১ ও ১২নং ওয়ার্ড কাউন্সিলর সরিফুল ইসলাম বাবু, রাজশাহী মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ডাবলু সরকার, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আসাদুজ্জামান আসাদ, রাজশাহী কলেজের সাবেক ভিপি মুক্তিযোদ্ধা আবদুস সামাদ প্রমুখ।

advertisement